# ফেব্রুয়ারি ২০২২ মাসের আগৈলঝাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ আব্দুর রইচ সেরনিয়াবাত
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
আগৈলঝাড়া, বরিশাল।

সভার তারিখ ও সময় ঃ ২৮/০২/২০২২ খ্রি., সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা ঃ সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকেস্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগতসভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, আগৈলঝাড়া উপজেলায় করোনার সার্বিক পরিস্থিতি বর্তমানে ভালো রয়েছে। সকলের সহযোগিতায় টিকা ক্যাম্পেইন সফল হওয়ায় সকলকে ধন্যবাদ জানান। | করোনা ভাইরাস প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্যসচেতনতা সৃষ্টি এবং ভ্যাক্সিন কার্যক্রম সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনাকর্ম কর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, আগৈলঝাড়া উপজেলায় খাবার বড়ি প্রদানের ১০২%, কনডম সরবরাহের হার ৭৫%, ইনজেকশনের হার ৬৩%, আইইউডি ১৭%, ইমপ্লান্ট ৯৬%, স্থায়ী পদ্ধতি(পুরুষ) ০%, স্থায়ী পদ্ধতি(মহিলা) ৫৭%, এএনসি ৩৫%, পিএনসি ৪৩%, প্রসব সেবা ১০% এবং শিশু পরিচর্যা ৬৬%। | বাস্তবে যাতে কাজের অগ্রগতি প্রতিফলিত হয় তা নিশ্চিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয় | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো মৌসুমে চাষকৃত জমির ফসল ভালো রয়েছে, তেমন কোন সমস্যা নেই। | উপসহকারী কৃষি কর্মকর্তাদের সার্বক্ষণিক কৃষকদের খোজখবর নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| উপজেলা প্রকৌশলীর কার্যালয় | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন প্রকল্পের ৩ কিস্তির অর্থ বরাদ্দ পাওয়া গেছে। উক্ত অর্থের প্রকল্প জরুরী ভিত্তিতে গ্রহণ করা প্রয়োজন। | প্রকল্প গ্রহণসহ দরপত্র আহ্বানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাটকা নিধন বন্ধে অভিযান হিসেবে বাশাইল বাজারে ১৮০ কেজি জাটকা জব্দ করা হয় এবং তা এলাকার একটি এতিমখানায় বিতরণ করা হয়। | কোন অভিযান পরিচালনার পূর্বে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে অবহিত করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয় | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জনাব ডা. মনিরুজ্জামান তরফদার সভায় জানান যে, চলতি মাসে ১২৬০টি হাঁসমুরগীর, ৪০২০০ মাত্রা প্রতিষেধক টিকা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন করা হয়েছে ৬৩২টি , সংকর জাতের বাছুর উৎপাদন হয়েছে ১৫৪ টি। গবাদী পশুর চিকিৎসা করা হয়েছে ১৭৩০টি এবং হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে ১১২৬২টি। এছাড়াও একটি ভেটেরিনারী মেডিক্যাল টিম পরিচালনা করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রমকে গতিশীল করতে হবে এবং সেবাগ্রহীতা যাতে সঠিক সেবা পায় তা নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, এ কার্যালয়ে বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী, হিজড়া, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর ২০২১-২২ অর্থবছরের বিভিন্ন প্রকার ভাতা প্রদান কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করা হচ্ছে। | সরকার কর্তৃক প্রদত্ত সকল ভাতা যথাসময়ে প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টি.আর ও কাবিখার ১ম পর্যায়ের কাজ চলমান এবং ২য় পর্যায়ের প্রকল্প তালিকা পাওয়া যায়নি। ইউপি চেয়ারম্যানবৃন্দকে দ্রুত তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সাথে যোগাযোগ করে দ্রুত প্রকল্প তালিকা সংগ্রহ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণ |
| উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয় | উপজেলা শিক্ষা কর্মকর্তা জনাব শেখর রঞ্জন ভক্ত সভায় জানান যে, ২ মার্চ ২০২২ হতে সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়া হবে। সে লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। | যথাযথ স্বাস্থ্য বিধি অনুসরণ করে যাতে শিক্ষার্থীরা শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সর্বদা সচেষ্ট থাকতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাসভায় উপস্থিত না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | বিশেষ কোন কারণে সভায় উপস্থি না থাকলে উপযুক্ত প্রতিনিধি অবশ্যই উপস্থিত থাকতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও একাডেমিক সুপারভাইজার |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাসভায় জানান যে, আগামী ৮ মার্চ-২০২২ আন্তর্জাতিক নারী দিবস। এ দিবসকে সফল করার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। | নারী দিবস সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ রক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | কোন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকলে তার প্রতিনিধিকে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য) এর কার্যালয় | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) সভায় জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি প্রকল্পের আওতায় ১৮টি কমিউনিটি বেইজড় পানি সরবরাহ স্মল স্কীম এর কাজের সাইট নির্বাচন করার কাজ চলমান রয়েছে; মানব সম্পাদ উন্নয়ন প্রকল্প হতে ২টি পাবলিক টয়লেট, ৯টি হ্যান্ড ওয়াশ বেশিন নির্মাণ করার কাজ শীঘ্রই শুরু হবে। এছাড়া ২০টি কমিনিউটি বেইজড পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ বরাদ্দপত্র মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নিকট প্রেরণ করা হয়েছে; এনএনজিপিএস, জিপিএস, পিইডিপি-৪ প্রকল্পের ওয়াশবক্সের কাজ চলমান | জনসাধারণের সুবিধার্থে প্রকল্পসমূহের কার্যক্রম গুণগতমান অক্ষুন্ন রেখে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

| | | | |
|---|---|---|---|
| | রয়েছে; আশ্রয়ন প্রকল্পে গভীর নলকূপ বসানোর কাজ চলমান রয়েছে। | | |
| উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয় | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার নিজস্ব কার্যালয় নির্মাণের জন্য নির্ধারিত স্থানে কৃষি দপ্তরের সম্প্রসারিত ভবন ভাঙা প্রয়োজন। | উপজেলা কৃষি অফিসার ও উপজেলা আনসার ও ভিডিপি অফিসার আলোচনা সাপেক্ষে ভবন ভাঙার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা এবং উপজেলা কৃষি কর্মকর্তা |
| উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তাদাপ্তরিক কাজে বরিশাল থাকায় এ দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | খেলাপী ঋণ আদায়ের বিষয়ে এলাকাভিত্তিক সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা করে ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয় | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | কোন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকলে তার প্রতিনিধিকে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয় | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাসভায় জানান যে, ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা: ২,৪৫,০০,০০০/-টাকা, ঋণ বিতরণ: ২,৩৯,০০,০০০/- টাকা, ঋণ আদায়: ৯৮,৫০,০০০/-টাকা , ঋণ আদায়যোগ্য; ১,৯০,০০,০০০/-। | ঋণ প্রদানের সময় যথাযথভাবে যাচাই-বাছাইপূর্বক স্বচ্ছতার সাথে ঋণ বিতরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারে বিভিন্ন কর্মসূচির খাদ্যশস্য যথাসময়ে উত্তোলনের ব্যবস্থা গ্রহণপূর্বক বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| পল্লী বিদ্যুৎ সমিতি-২ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, জানুয়ারি ২০২২ মাসে ২০৬টি নতুন সংযোগ, ১২টি নতুন শিল্প সংযোগ প্রদান করা হয়েছে। ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়েছে মর্মে তিনি জানান। | নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে সরকারের গৃহীত ব্যবস্থাসমূহের সেবা গ্রহীতারা যেন কোনরূপ হয়রানির শিকার না হয় এবং সিস্টেম লস কমিয়ে আনার লক্ষ্যে কাজ করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ-২ |
| উপজেলা বন বিভাগ | ফরেস্টার সভায় জানান যে,দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমকে দৃশ্যমান ও আরো গতিশীল করতে হবে। | ফরেস্টার |
| উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | ঋণ বিতরণে স্বচ্ছতার সাথে কাজ করতে হবে এবং আদায়ের উপর গুরুত্বারোপ করতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, ব্যাংকের আওতায় অত্র উপজেলায় সঞ্চয়ী/বিভিন্ন হিসাবে লেনদেন ১,৭০,২৪,১৩২/-, বিভিন্ন মেয়াদি ডিপিএস এ জমা ১,৬৯,৫০০/-, স্টুডেন্ট স্কীমে জমা ৪২,৩০০/-, বিদ্যুৎ বিল জমা ২২,৩৪০/-,এবং মোবাইল রিসার্জ ১২,৫৪০/-টাকা। | ঋণ বিতরণের কার্যক্রম স্বচ্ছতার সাথে সম্পাদন করতে হবে এবং আদায়ের উপর গুরুত্বারোপ করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | | |
|---|---|---|---|
| তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা(দায়িত্বপ্রাপ্ত) সভায় জানান যে, নারীকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার লক্ষ্যে ই-কমার্স প্লাটফর্মে ৫জন নারীকে অন্তর্ভুক্ত করা হয়েছে। ডোর টু ডোর পর্যায়ে ৮০০ জন, তথ্যকেন্দ্রে ৯৫ জন সেবাগৃহীতাকে সেবা প্রদান করা হয়েছে। এ মাসে ২৫ জন করে মোট ১০০ জন সেবাগ্রহীতাকে নিয়ে ৪টি উঠান বৈঠক করা হয়েছে। তিনি সভায় আরো জানান, উপজেলা পরিষদে আসা সেবাগ্রহীতারা যদি তাদের কাছে যান তবে তার অনলাইনভিত্তিক কাজগুলো করে দিতে পারবেন। | নিয়মিত উঠান বৈঠকের আয়োজন কওে বাল্যবিবাহ, মাদক, নারী ও শিশু নির্যাতন বিষয়ে মানুষকে আরো সচেতন করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |
| এনজিও সমন্বয় পরিষদ | সাধারণ সম্পাদক, এনজিও সমন্বয় পরিষদ সভায় জানান যে, এনজিওগুলোর কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সাধারণ মানুষের কল্যাণে নিবেদিত হয়ে কাজ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এনজিও সমন্বয় পরিষদ |
| বিবিধ | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল এর কার্যালয়ের গাড়ি নং বরিশাল-ঘ-১১-০০৪৮ এর ০১ সেট কার্বোরেটর, ০১ টা ব্যাটারী, ০২ টি টায়ার ও ০১ সেট সীট কভার ক্রয় ও সংযোজন করা প্রয়োজন। উক্ত কাজের জন্য অর্থ ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের প্রয়োজন। | গাড়ি মেরামতের লক্ষ্যে কোটেশন আহ্বানসহ যাবতীয় কার্যাদি সম্পন্ন করে প্রয়োজনীয় অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ এর অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ পত্র প্রেরণকরার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার |
| | ২। উপজেলা পরিষদের আসবাবপত্র পুরতান ও জরাজীর্ণ হওয়ার কারণে নতুনআসবাবপত্র ক্রয় করা প্রয়োজন মর্মে চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান। তিনি সভায় আরো জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন ও অন্যান্য বাসভবন মেরামত করার জন্য ৫০,০০,০০০(পঞ্চাশ লক্ষ) টাকার বিশেষ প্রয়োজন। | ১. উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা উপজেলা পরিষদের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়ের লক্ষ্যে কোটেশন আহ্বানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. বাসভবনসমূহ মেরামতের নিমিত্ত ৫০,০০,০০০/- টাকা বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং আগামীতে সকল দপ্তরের কার্যক্রম যথাযথভাবে প্রতিপালনের জন্য দপ্তর প্রধানদেরকে অনুরোধ জানিয়ে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

০৮/০৬/2022

(আব্দুর রইচ সেরনিয়াবাত)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
আগৈলঝাড়া, বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আগৈলঝাড়া, বরিশাল।
agailjhara.barisal.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নম্বরঃ০৫.১০.০৬০২.০০০.২৩.০০৫.১৭-৭০(ক)

তারিখঃ ০৩ মার্চ ২০২২

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মাননীয় সংসদ সদস্য, বরিশাল-০১( গৌরনদী-আগৈলঝাড়া) নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
৫। জেলা প্রশাসক, বরিশাল।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া।
৯। উপজেলা.....................................................................অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
১০। চেয়ারম্যান, রাজিহার/বাকাল/বাগধা/গৈলা/রত্নপুর ইউপি, আগৈলঝাড়া, বরিশাল।
১১। জনাব.............................................................................................।
১২। অফিস নথি।

০৩.০৩.২০২২
(মোঃ আবুল হাশেম)
উপজেলা নির্বাহী অফিসার
আগৈলঝাড়া, বরিশাল।
ফোনঃ ০৪৩২৩৫৬১০১।